

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৭

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ মুকীম অবস্থায় দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করা।

باب مَا جَاءَ فِي الْجَمْعِ بَيْنَ الصَّلاَتَيْنِ فِي الْحَضرِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِت، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ جَمَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بَيْنَ الظُّهْرِ وَالْعَصْرِ وَبَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ بِالْمَدِينَةِ مِنْ غَيْرِ خَوْفٍ وَلاَ مَطَرٍ. قَالَ فَقِيلَ لاِبْنِ عَبَّاسٍ مَا أَرَادَ وَبَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ بِالْمَدِينَةِ مِنْ غَيْرِ خَوْفٍ وَلاَ مَطَرٍ. قَالَ فَقِيلَ لاِبْنِ عَبَّاسٍ مَا أَرَادَ بِذَلِكَ قَالَ أَرَادَ أَنْ لاَ يُحْرِجَ أُمَّتَهُ . وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ قَدْ رُويَ عَنْهُ مِنْ غَيْرِ وَجْهٍ رَوَاهُ جَابِرُ بْنُ زَيْدٍ وَسَعِيدُ بْنُ جُبَيْرٍ وَعَبْدُ اللّهِ بْنُ عَيْرِ وَجْهٍ رَوَاهُ جَابِرُ بْنُ زَيْدٍ وَسَعِيدُ بْنُ جُبَيْرٍ وَعَبْدُ اللّهِ بْنُ شَوِيقٍ الْعُقَيْلِيُّ . وَقَدْ رُويَ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم غَيْرُ هَذَا . شَقِيقٍ الْعُقَيْلِيُّ . وَقَدْ رُويَ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم غَيْرُ هَذَا .

বাংলা

১৮৭. হান্নাদ (রহঃ) ইবনু আব্বাস (রহঃ) থেকে বর্ণনা করেন যে, কোনরূপ বিপদাশংকা বৃষ্টির ওযর ব্যতিরেকে মদীনায় থাকা অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহর ও আসর এবং মাগরিব ও ইশার সালাত একত্রে আদায় করেছেন। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহ কে জিজ্ঞাসা করা হল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এরূপ করার উদ্দেশ্য কি ছিল? তিনি বরলেন উম্মতের যেন কোন অসুবিধা না হয় তা-ই তিনি চাচ্ছিলেন। - ইরওয়া ১/৫৭৯, সহিহ আবু দাউদ ১০৯৬, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি অন্য সূত্রেও বর্ণিত আছে। এটি জাবির ইবনু যায়দ, সাঈদ বিন জুবায়র, আবদুল্লাহ ইবনু শাকীক আল উকায়লীও বর্ণনা করেছেন। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর বরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে ভিন্নরূপ বক্তব্যও বর্ণিত হয়েছে।

English

Ibn Abbas said:



"Allah's Messenger combined the Zuhr and Asr (prayers), and the Maghrib and Isha (prayers) in Al-Madinah, without being in a state of fear, nor due to rain."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন